দৈনিক সংবাদ

তারিখ ... 18 JUL 1996
পৃষ্ঠা ৩ কলাম ৫

# ঢাকা মেডিক্যাল কলেজ খুলে দেয়ার সিদ্ধান্ত পরে প্রত্যাহার

( মেডিক্যাল রিপোর্টার )

গতকাল বুধবার ঢাকা মেডিক্যাল কলেজের একাডেমিক কাউন্সিলের এক সভায় আগামী ২০শে জুলাই মেডিক্যাল কলেজ খুলে দেয়ার সিদ্ধান্ত নেয়া হলেও পরে এ সিদ্ধান্ত প্রত্যাহার করে নেয়া হয়। সভায় উপস্থিত সদস্যদের কাছ থেকে এ তথ্য জানা গেছে।

উপস্থিত সদস্যরা জানান, গতকালের একাডেমিক কাউন্সিলের সভায় ২০শে জুলাই ঢাকা মেডিক্যাল কলেজ খুলে দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। কিন্তু পরে

সিদ্ধান্ত ঃ পৃঃ ৮ কঃ ৪

## সিদ্ধান্ত ঃ প্রত্যাহার

(১ম পৃষ্ঠার পর)

জানানো হয় যে, কোন সিদ্ধান্ত ছাড়াই ঐ সভা শেষ হয়েছে।

ছাত্র সংসদ নেতাদের নিন্দা ঃ ঢাকা মেডিক্যাল কলেজ ছাত্র সংসদ গতকাল বুধবার অভিযোগ করেছে যে, আজ বুধবার কলেজের একাডেমিক কাউন্সিলের এক জরুরি সভায় আগামী ২০শে জুলাই কলেজ খুলে দেয়ার সিদ্ধান্ত নেয়া হয় এবং তা উপস্থিত ছাত্র নেতৃবৃন্দ ও সাধারণ ছাত্র-ছাত্রীদের সামনে ঘোষণা করা হয়। কিন্তু আধা ঘন্টা পরেই কলেজ কর্তৃপক্ষ কয়েকজন শিক্ষকের প্ররোচনায় এ সিদ্ধান্ত বাতিল করে দেন।